

বিএন স্কুল ও কলেজ এবং নেভি এ্যাংকরেজ স্কুল এন্ড কলেজসমূহের ছাত্র-ছাত্রীদের নৌবাহিনী ক্যাডেট হিসেবে ভর্তির জন্য সরাসরি আইএসএসবিতে অংশ গ্রহণের সুযোগ প্রদান প্রসঙ্গে

বিএন কলেজ ঢাকা, চট্টগ্রাম ও খুলনার ন্যায় বিএন স্কুল এন্ড কলেজ মংলা, কাপ্তাই এবং নেভি এ্যাংকরেজ স্কুল এন্ড কলেজসমূহে এসএসসি ও এইচএসসিতে ভালো ফলাফল অর্জনকারী ছাত্র/ছাত্রীদেরকে নৌবাহিনীর ক্যাডেট হিসেবে সরাসরি আইএসএসবিতে অংশ গ্রহণের বিষয়ে নৌ সদর কর্তৃক নিম্নবর্ণিতভাবে অনুমোদিত হয়েছে :

ক। প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে উভয় পরীক্ষায় (এসএসসি ও এইচএসসি) গোল্ডেন জিপিএ-৫ প্রাপ্ত ও সার্বিকভাবে উপযোগী বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীরা কোন ভর্তি পরীক্ষা ছাড়াই আইএসএসবিতে অংশগ্রহণ করতে পারবেন।

খ। এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় ন্যূনতম জিপিএ-৪.৫০ প্রাপ্তদের (ডিপিএস কর্তৃক প্রকাশিত বিজ্ঞাপন/বিভিন্ন সময়ের চাহিদা মোতাবেক) মানোনয়নের নিমিত্তে সংশ্লিষ্ট এরিয়া কমান্ডারগণ প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষগণকে সভাপতি করে একটি কর্মকর্তা-শিক্ষক পর্যদ গঠন করবেন। উক্ত পর্যদ কর্তৃক মনোনীত ছাত্র-ছাত্রীদের ভর্তি ফরম ও সংশ্লিষ্ট কাগজপত্রাদিসহ সরাসরি আইএসএসবিতে অংশগ্রহণ করতে পারবেন।

গ। এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করেছে এমন পরীক্ষার্থীরাও অংশগ্রহণ করতে পারবেন।

ঘ। এ পদক্ষেপ ২০২১ এ ক্যাডেট ব্যাচ হতে শুরু হয়েছে।